বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

মুজিব শতবর্ষ MUJIB 100

# জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ
# Jalalabad Gas Transmission and Distribution System Ltd.
পেট্রোবাংলার একটি কোম্পানি (A Company of Petrobangla)

সূত্র নং ঃ ২৮.১৬.৯১০০.০০১.৬১.০০১.২১/ 24

তারিখ ঃ ০৬-১০-২০২১

পরিচালক (প্রশাসন)
পেট্রোবাংলা, পেট্রোসেন্টার
৩, কাওরান বাজার বা/এ
ঢাকা – ১২১৫।

বিষয় ঃ ২০২১ - ২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভার (জুলাই,২০২১ হতে সেপ্টেম্বর,২০২১ পর্যন্ত) কার্যবিবরনীর প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

পেট্রোবাংলার গত ২৯-০৬-২০১৭ তারিখের ২৮.০২.০০০০.০১২.০১.০৭৭.১২(ভলি-২)/৫২৬ সংখ্যক পত্রের প্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার অগ্রগতির পরিবীক্ষণ কাঠামোর কার্যক্রমসমূহ অত্র কোম্পানিতে বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভার কার্যক্রম ও গৃহীত সিদ্ধান্তসহ ১ম কোয়ার্টারের (জুলাই,২০২১ হতে সেপ্টেম্বর,২০২১ পর্যন্ত) বাস্তবায়িত অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন সদয় অবগতির জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(প্রকৌ. শোয়েব আহমেদ মতিন)
ব্যবস্থাপনা পরিচালক

ফোন নং ০৮২১-৭১২১৯৪
০২-৫৫০১৩৮১২

সংযুক্ত ঃ বর্ণনা মোতাবেক ।

**Head Office** : Gas Bhaban, Mendibag, Sylhet-3100, Post Box No-51, Bangladesh. Tel : 0821-712194,714232,716291, Fax : 880-821-716964
**Liaison Office** : Petrobangla, Petrocentre (Level-14), 3 Kawran Bazar, Dhaka-1215, Phone: 02-55013812, 02-55013813,Hot Line: 16511

জালালাবাদ গ্যাস

# জালালাবাদ গ্যাস টি অ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ,সিলেট – ৩১০০

তারিখ ঃ ০৬-১০-২০২১

বিষয় ঃ ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্ম পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর কার্যক্রম সমূহের অগ্রগতি বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (জুলাই,২০২১ হতে সেপ্টেম্বর,২০২১ পর্যন্ত) সভার কার্যবিবরণী ।

১.০ ভূমিকা ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণ কাঠামোর কার্যক্রমসমূহের অগ্রগতি বাস্তবায়নের লক্ষ্যে জেজিটিডিএসএল এর কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত নৈতিকতা কমিটি নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| ০১. | প্রকৌ.এ.বি.এম শরীফ<br>মহাব্যবস্থাপক (অপারেশন) | আহবায়ক |
| ০২. | জনাব মোঃ শহিদুল ইসলাম<br>কোম্পানি সচিব ( অ.দা.) | সদস্য ও ফোকাল পয়েন্ট |
| ০৩. | জনাব মোঃ আনিসুর রহমান ভুঞা<br>উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার) | সদস্য সচিব |
| ০৪. | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) | সদস্য |
| ০৫. | জনাব আজিজুর রহমান<br>উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা) | সদস্য |
| ০৬. | জনাব মোঃ আব্দুল মুকিত<br>ব্যবস্থাপক (পাইপলাইন মেইনটেন্যান্স) | সদস্য |

২.০ **কমিটির কার্যপরিধি** (TOR)

ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং পেট্রোবাংলার কর্মপরিকল্পনার সাথে সংগতি রেখে জেজিটিডিএসএল- এর জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন ।

খ) প্রণয়নকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সঠিক দিক-নির্দেশনা প্রদান।

গ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা হতে সময়ে-সময়ে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী তা বাস্তবায়ন এবং এসংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ।

ঘ) প্রতি ০২ (দুই) মাস অন্তর নিয়মিতভাবে কমিটির সভা আয়োজন এবং এ সংক্রান্ত অগ্রগতি পেট্রোবাংলাকে অবহিতকরণ।

৩.০ **কমিটির কার্যক্রমঃ**

৩.১) ০৬-১০-২০২১ তারিখে গ্যাস ভবনের কমিটি রুমে নৈতিকতা কমিটির আহবায়ক প্রকৌ. এ.বি.এম.শরীফ, মহাব্যবস্থাপক (অপারেশন)-এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল ((National Integrity Strategy) এর কর্মপরিকল্পনার (জুলাই,২০২১ হতে সেপ্টেম্বর,২০২১ পর্যন্ত) লক্ষ্যমাত্রা বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই বিগত ৩০-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

চলমান পাতা - ০২

নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট ও কোম্পানি সচিব জনাব মোঃ শহিদুল ইসলাম জানান, ২০২১-২০২২ অর্থবছরে জেজিটিডিএসএল এর জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) সংক্রান্ত কর্ম পরিকল্পনার যে লক্ষ্যমাত্রা প্রণয়ন করা হয়েছে, ১ম কোয়ার্টার অর্থাৎ জুলাই,২০২১ হতে সেপ্টেম্বর,২০২১ পর্যন্ত সময়ের জন্য প্রণীত লক্ষ্যমাত্রার বিপরীতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে।

৩.২) নৈতিকতা কমিটির আহবায়ক গত ১৪-০৯-২০২১ তারিখে অংশীজনদের উপস্থিতিতে অনলাইনে সভা, ৩০-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিত কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে স্বাস্থ্যবিধি অনুসরণ বিষয়ক প্রশিক্ষণ, টয়লেটে ব্যবস্থার উন্নয়নে চাহিদা মোতাবেক Adjust Fan স্থাপন এবং বিদ্যুৎ ও পানির অপচয় রোধে গণসচেতনতা বৃদ্ধির বিষয়টি উল্লেখ করেন।

৩.৩) সভাপতি কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সহযোগিতা করার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। তিনি বলেন, ২০২১-২০২২ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা পরিবীক্ষণ কাঠামোর চিহ্নিত কার্যক্রম বাস্তবায়ন ও সম্পাদনের গুরুত্ব বিবেচনায় যে যে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ কে দায়িত্ব ন্যস্ত করা হয়েছে, সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত দায়িত্ব নির্দিষ্ট সময়ের মধ্যে আবশ্যিকভাবে সম্পাদন করতঃ নৈতিকতা কমিটির সভাপতিকে (নির্ধারিত ছকের মাধ্যমে) বাস্তবায়িত তথ্য প্রেরণ করে কোম্পানির নৈতিকতা কমিটির প্রতিবেদন প্রণয়নে সহযোগিতা করার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।

৩.৪) কোম্পানির বিভিন্ন ডিভিশন হতে প্রাপ্ত/বাস্তবায়িত তথ্য সহকারে প্রস্তুতকৃত কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহের অগ্রগতির প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের অনুমাদনক্রমে পেট্রোবাংলার নৈতিকতা কমিটির সভাপতি ও পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করার বিষয়ে কমিটি একমত পোষণ করে।

৩.৫) জেজিটিডিএসএল এর ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার এর চিহ্নিত বাস্তবায়নযোগ্য কার্যক্রমসমূহের অগ্রগতির বিবরণসহ ১ম কোয়ার্টার (জুলাই,২০২১ হতে সেপ্টেম্বর,২০২১ পর্যন্ত) কমিটির প্রতিবেদন অবগতির জন্য পতাকা- "ক" এ সংযুক্ত করা হয়েছে।

৪.০ <u>সিদ্ধান্ত</u> ঃ

৪.১) ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অগ্রগতি বাস্তবায়নে নৈতিকতা কমিটি কর্তৃক সভার আয়োজন ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রাধিকার ভিত্তিতে শুদ্ধাচার সংশ্লিষ্ট গৃহীত (কার্যক্রম ১.৩,১.৫) নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন করে পেট্রোবাংলায় দাখিল এবং কোম্পানির ওয়েবসাইটে আপলোড ও পরিবীক্ষণকৃত প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের বিষয়ে কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সভাপতিকে অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.২) জেজিটিডিএসএল এর মহাব্যবস্থাপক (পরিকল্পনা) কর্তৃক সম্পাদিতব্য কার্যক্রমসমূহের মধ্যে ক্রয় পরিকল্পনা দ্রুততম সময়ের মধ্যে প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্ব প্রদান করা হয়।

৪.৩) মহাব্যবস্থাপক (প্রশাসন) কর্তৃক সম্পাদিতব্য কার্যক্রমসমূহের মধ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষন আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য দৃষ্টি আকর্ষন করা হয়।

৪.৪) কোম্পানির নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্তক সম্পাদিতব্য কার্যসমূহের মধ্যে (কার্যক্রম ১.১,১.৩,১.৬,৩.১,৩.৩)নৈতিকতা কমিটির সভা আহবান ও সভার সিদ্ধান্ত বায়বায়ন,অংশীজনদের অংশগ্রহণে সভা আহবান ইত্যাদি কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী সার্বিকভাবে বাস্তবায়ন করে ত্রৈমাসিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট ও পেট্রোবাংলার পরিচালক (প্রশাসন) বরাবর নির্ধারিত সময়ে দাখিল করার বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা - ০৩

৪.৫) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর প্রতিটি কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত প্রতি কোয়ার্টারের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ কর্তৃক প্রকৃত অর্জনের তথ্য স্ব-স্ব উদ্যোগে নৈতিকতা কমিটির আহবায়ক বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা ও দিক নির্দেশনা মূলক তাগাদা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.৬) ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতির পরিবীক্ষণ কাঠামোর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি কর্তৃক মূল্যায়ন ও পরিবীক্ষণ করতঃ নির্দিষ্ট সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন করে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে পেট্রোবাংলার নৈতিকতা কমিটির সভাপতি ও পরিচালক (প্রশাসন) মহোদয় বরাবর প্রেরণের বিষয়ে কমিটি একমত পোষণ করে।

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | | |
|---|---|---|
| (মোঃ আব্দুল মুকিত)<br>ব্যবস্থাপক(পাইপলাইন রক্ষণাবেক্ষণ )<br>ও<br>সদস্য, নৈতিকতা কমিটি | ৬/১০/২১<br>( আজিজুর রহমান)<br>উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা)<br>ও<br>সদস্য, নৈতিকতা কমিটি। | ০৬.১০.২০২১<br>( মোঃ রফিকুল ইসলাম)<br>উপ-মহাব্যবস্থাপক(প্রশাসন)<br>ও<br>সদস্য, নৈতিকতা কমিটি |
| ৬/১০/২০২১<br>(মোঃ আনিসুর রহমান ভূঞা)<br>উপ-মহাব্যবস্থাপক(ভান্ডার)<br>ও<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি | ০৬/১০/২০২১<br>(মোঃ শহিদুল ইসলাম)<br>কোম্পানি সচিব(অ.দা.)<br>ও<br>ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি | ০৬/১০/২০২১<br>(প্রকৌ: এ.বি এম শরীফ)<br>মহাব্যবস্থাপক (অপারেশন)<br>ও<br>আহবায়ক, নৈতিকতা কমিটি |

# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রার প্রতিবেদন ২০২১-২০২২

(জুলাই- সেপ্টেম্বর, ২০২১)

কার্যালয়ের নামঃ- জালালাবাদ গ্যাস টি অ্যান্ড ডি সিস্টেম লিমিটেড

দপ্তর/সংস্থার নামঃ- পেট্রোবাংলা

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২: লক্ষ্যমাত্রা/অর্জন | ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টে:) | ২য় কোয়ার্টার (অক্টো:-ডিসেম্বর) | ৩য় কোয়ার্টার (জানুয়ারী-মার্চ) | ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন) | মোট অর্জন | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১.০ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ............................. | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভার আয়োজন | সভা আয়োজিত | ৪ | সংখ্যা | ফোকাল পয়েন্ট | ৪টি | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | সভার বিজ্ঞপ্তি সংযুক্তি ১.১ |
| | | | | | | অর্জন | ১ | - | - | - | | ১.০ | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৬ | % | সিদ্ধান্ত বাস্তবায়ন কমিটি | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | প্রমানক ১.২ সংযুক্ত |
| | | | | | | অর্জন | ১০০% | | | | | ১.০ | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | ফোকাল পয়েন্ট | ৪টি | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | প্রমানক সংযুক্ত ১.৩ |
| | | | | | | অর্জন | ১ | | | | | ১.০ | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা (জন) | মহাব্যবস্থাপক (প্রশাসন) | ২টি (৬০) | লক্ষ্যমাত্রা | - | ১ (৩০) | - | ১ (৩০) | | | |
| | | | | | | অর্জন | - | | | | | - | |
| ১. ৫ কর্ম পরিবেশ উন্নয়ন: ১। টয়লেট ব্যবস্থাপনা উন্নয়ন | ব্যবস্থাপনা উন্নয়নকৃত | ১ | তারিখ | উপমহাব্যবস্থাপক (জেসাডি) | ৩০-০৬-২২ | লক্ষ্যমাত্রা | ৩০-০৯-২১ | - | - | ৩০-০৬-২২ | | | Adjust Fan স্থাপন করা হয়েছে। |
| | | | | | | অর্জন | ৩০-০৯-২১ | | | | | ০.২৫ | |
| ২। বিদ্যুৎ ও পানির সাশ্রয়ী কার্যক্রম | সাশ্রয়ী কার্যক্রম গৃহিত | ১ | তারিখ | উপমহাব্যবস্থাপক (জেসাডি) | ৩১-১২-২১ | লক্ষ্যমাত্রা | - | ৩১-১২-২১ | - | - | | | |
| | | | | | | অর্জন | - | | | | | | |
| ৩। স্বাস্থ্যবিধি অনুসরণ বিষয়ে প্রশিক্ষণ | প্রশিক্ষণ আয়োজিত | ১ | সংখ্যা (জন) | মহাব্যবস্থাপক (প্রশাসন) | ১টি (৩০) | লক্ষ্যমাত্রা | ১ (৩০) | - | - | - | | | প্রমানক সংযুক্ত ১.৫ |
| | | | | | | অর্জন | ১ (৩০) | | | | | ১.০ | |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব-স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | কর্মপরিকল্পনা, ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ৪ | তারিখ | ফোকাল পয়েন্ট | ২০-০৫-২১ ১০-১০-২১ ১০-০১-২২ ১০-০৪-২২ ১০-০৭-২২ | লক্ষ্যমাত্রা | ২০-০৫-২১ ও ১৫-১০-২১ | ১৫-০১-২২ | ১৫-০৪-২২ | ১৫-০৭-২২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | ১.০ | |
| ১.৭ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | প্রদত্ত পুরস্কার | ৩ | তারিখ | সংশ্লিষ্ট পুরস্কার প্রদান কমিটি | ৩০-০৬-২২ | লক্ষ্যমাত্রা | - | - | - | ৩০-০৬-২২ | | | |
| | | | | | | অর্জন | - | | | | | - | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষন, ২০২১-২০২২ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/অর্জন | ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টে:) | ২য় কোয়ার্টার (অক্টো:-ডিসেম্বর) | ৩য় কোয়ার্টার (জানুয়ারী-মার্চ) | ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন) | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **২.০ ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার** | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২১-২২ অর্থ বৎসরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৪ | তারিখ | মহাব্যবস্থাপক (পরিকল্পনা) | ৩০-০৯-২১ | লক্ষ্যমাত্রা | - | ২০-১০-২১ | - | - | | | |
| | | | | | | অর্জন | - | | | | | - | - |
| ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম-----------------------(অগ্রাধিকার ভিত্তিতে ন্যুনতম পাঁচটি কার্যক্রম) | | | | | | | | | | | | | |
| ৩.১ দুর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য কর্মকর্তাদের নিয়ে সভার আয়োজন | সভা আয়োজিত | ৪ | সংখ্যা | ফোকাল পয়েন্ট | ২টি | লক্ষ্যমাত্রা | - | ১ | - | ১ | | | - |
| | | | | | | অর্জন | - | | | | | - | |
| ৩.২ গাড়ীর জ্বালানি ব্যবহারের যথার্থতা পরীক্ষণ (লগবই পরীক্ষা) | লগ বই পরীক্ষিত | ৪ | তারিখ | মহাব্যবস্থাপক (অর্থ) | ৩১-১২-২১<br>৩০-০৬-২২ | লক্ষ্যমাত্রা | - | ৩১-১২-২১ | - | ৩০-০৬-২২ | | | - |
| | | | | | | অর্জন | | | | | | - | |
| ৩.৩ জবাব দিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সেবা গ্রহীতাদের সাথে গণশুনানীর আয়োজন (বিপণন কোম্পানি) | গণশুনানী আয়োজিত | ৪ | সংখ্যা | ফোকাল পয়েন্ট | ২টি | লক্ষ্যমাত্রা | - | ১ | - | ১ | | | |
| | | | | | | অর্জন | - | | | | | | - |
| ৩.৪ দুর্নীতি সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য প্রধান কার্যালয় ও আবিকাসমূহে অভিযোগ বক্স স্থাপন | অভিযোগ বক্স স্থাপিত | ৪ | সংখ্যা | উপমহাব্যবস্থাপক (জেসাডি/ বিপণন) | ২টি | লক্ষ্যমাত্রা | - | ১ | ১ | - | | | |
| | | | | | | অর্জন | - | | | | | | - |
| ৩.৫ কমিটির মাধ্যমে কর্মকর্তাদের যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ | উপস্থিতি নিশ্চিতকরণ বিষয়ে কমিটির প্রতিবেদন | ৪ | সংখ্যা | সংশ্লিষ্ট কমিটি | ২টি | লক্ষ্যমাত্রা | - | ১ | - | ১ | | | - |
| | | | | | | অর্জন | - | | | | | | |

মোট সূচকের মান = ৫০

(মোঃ আব্দুল মুকিত)
ব্যবস্থাপক(পাইপলাইন রক্ষণাবেক্ষণ শাখা)
ও
সদস্য, নৈতিকতা কমিটি।

( আজিজুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা)
ও
সদস্য, নৈতিকতা কমিটি।

( মোঃ রফিকুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক(প্রশাসন)
ও
সদস্য, নৈতিকতা কমিটি

(মোঃ আনিসুর রহমান ভূঞা)
উপ-মহাব্যবস্থাপক(ভান্ডার)
ও
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

(মোঃ শহিদুল ইসলাম)
কোম্পানি সচিব(অ.দা.)
ও
ফোকালপয়েন্ট, নৈতিকতা কমিটি

(প্রকৌ: এ.বি.এম শরীফ)
মহাব্যবস্থাপক (অপারেশন)
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি